



নিয়োগ বিজ্ঞপ্তি

এসকেএস ফাউন্ডেশন জাতীয় পর্যায়ে একটি স্বীকৃত বেসরকারী উন্নয়নমূলক সংস্থা যা, ১৯৮৭ সাল থেকে দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সনদ সহ (এমআরএ-০১৬২১-০০৫৩৪-০০০৪৫) একাধিক প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। উক্ত সংস্থায় ঋণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে নিম্নে উল্লিখিত পদে কর্মী নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদেরকে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত আবেদনপত্রের সঙ্গে পূর্ণ জীবন বৃত্তান্ত (ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ), ০২ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি আগামী ২০ অক্টোবর ২০২৩ ইং তারিখ অফিস সময়ের মধ্যে এসকেএস ফাউন্ডেশন, কলেজ রোড, উত্তর হরিণ সিংহা, গাইবান্ধা- ৫৭০০ ঠিকানায় ডাক/কুরিয়ার/সরাসরি প্রেরণের আহ্বান করা যাচ্ছে। এছাড়াও hr@sk-s-bd.org এই মেইলে আবেদন করতে পারবেন। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

১. এ্যাসিস্ট্যান্ট কো-অর্ডিনেটর, এমএফ- (০৫ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে একসাথে ০৫-১০ টি এরিয়া (৩০-৫০ টি ব্রাঞ্চ) পরিচালনায় কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৪৫ বছর। বেতন-ভাতা: মাসিক সর্বসাকুল্যে ৮০,০০০/- টাকা। উল্লেখ্য যে, পাবলিক বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে অনার্স সহ মাস্টার্স ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।

২. এ্যাসিস্ট্যান্ট ফাইন্যান্স এ্যান্ড এ্যাডমিন অফিসার- (০৭ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: বাণিজ্য বিভাগে অনার্স সহ মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ফাইন্যান্স এ্যান্ড এ্যাডমিন সংক্রান্ত কাজে কমপক্ষে ৩-৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। বয়স-অনুর্ধ্ব ৩৫ বছর। বেতন-ভাতা: মাসিক সর্বসাকুল্যে ৩০,০০০/- টাকা।

এছাড়াও সাপ্তাহিক ২ দিন ছুটি, পি.এফ, গ্রাচুয়িটি, চিকিৎসা সেবা সহায়তা, বৈশাখী ভাতা, উৎসব ভাতা প্রদান করা হবে। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে পেতে ভিজিট করুন: www.sk-s-bd.org

উপ-পরিচালক
মানব সম্পদ